

## অবরোধে আটকে গেছে ১৫ পাবলিক ভার্সিটির ভর্তি

■ নিজামুল হক

বিরাধী দলের টানা অবরোধ এবং হরতালের কারণে একের পর এক পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত করা হচ্ছে। এ কারণে আটকে গেছে ১৫ টি বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। টানা দুই-তিনদিন হরতাল বা অবরোধ না থাকলেই কেবল ভর্তি পরীক্ষা নেয়া সম্ভব হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। পরীক্ষা দিতে এসে যাতে প্রার্থীরা বিপাকে না পড়ে এসব কারণে পরীক্ষা স্থগিত করা হচ্ছে। কোন কোন বিশ্ববিদ্যালয়কে দ্বিতীয়বারের মতোও ভর্তি পরীক্ষা স্থগিত করতে হয়েছে। রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা দ্বিতীয়বারের

পৃষ্ঠা ১৯ কলাম ১

### হরতাল অবরোধে আটকে

প্রথম পৃষ্ঠার পর  
মতো স্থগিত করা হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ১৭ থেকে ২৯ ডিসেম্বর পর্যন্ত। কিন্তু রাজনৈতিক অস্থিরতার কারণে এ পরীক্ষা স্থগিত করা হয়। পরীক্ষার নতুন তারিখও ঘোষণা করা হয়নি। বেপন রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখ ১১, ১২ ও ১৩ ডিসেম্বর। এ পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার পূর্ব নির্ধারিত তারিখ ছিল ১৪ ও ১৫ ডিসেম্বর। কিন্তু স্থগিত করা হয়েছে এ পরীক্ষা। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০ ও ২১ ডিসেম্বর অনুষ্ঠিতব্য শতকম স্নেহপত্র ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়। পবিপ্রবির ১৭ ডিসেম্বরে ভর্তি পরীক্ষা স্থগিত করেছে। এ নিয়ে দ্বিতীয়বারের মত পবিপ্রবির ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হলো।

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৪ ডিসেম্বরের ভর্তি পরীক্ষা দ্বিতীয়বারের মতো স্থগিত করা হয়। এছাড়া বাওলানা জামানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ডেটেরিনারি ও এনিমাল সাইন্স বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, বেপন রোকেয়া বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কয়েকটি ইউনিট, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়। তবে ভর্তি সংক্রান্ত জটিলতায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়।